গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : **মোঃ নজরুল ইসলাম**
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৮ মার্চ ২০২২
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, (অনলাইন জুম এ্যাপস), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর তৃতীয় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও NIS সংশ্লিষ্ট বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এ সভা অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (এনআইএস ও এপিএ) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বিগত ২৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত দ্বিতীয় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথা নিয়মে বাস্তবায়িত হয়েছে। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথা নিয়মে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগহ ও আওতাধীন দপ্তর/সংস্থা (সকল) |
| ০২ | **ক. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এ বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল)** এর ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার তৃতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। | সওজ অধিদপ্তর, বিআরটিএ এবং ডিএমটিসিএলকে তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর/বিআরটিএ/ ডিএমটিসিএল |
| | **খ. বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) :** ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর ৩য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা ৮০% এর বিপরীতে অর্জন ১৮%। অগ্রগতি কম হওয়ার বিষয়ে জানতে চাওয়া হলে বিআরটিসি'র পক্ষ হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, অবকাঠামোগত কাজ করার জন্য ঠিকাদার নিয়োগে জটিলতা থাকায় এ সূচকে আশানুরূপ অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৪র্থ প্রান্তিকে সমন্বয় সাধন করে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা হবে। | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম সূচক ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪র্থ প্রান্তিকের সাথে সমন্বয় করে অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **গ. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) :** ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর ৩য় প্রান্তিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪০% এর বিপরীতে অর্জন ২৫%। এ বিষয়ে জানতে চাওয়া হলে ডিটিসিএ'র পক্ষ হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, নতুন সৃষ্ট প্রকল্পের জন্য অর্থছাড়ে বিলম্ব হওয়ার কারণে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ৪র্থ প্রান্তিকে সমন্বয় সাধন করে অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা হবে। | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪র্থ প্রান্তিকের সাথে সমন্বয় করে তা অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক /শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিটিসিএ |
| | **ঘ. ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) :** ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এর ৩য় প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৬০% এর বিপরীতে অর্জন ৪০%। এ বিষয়ে জানতে চাওয়া হলে ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান এ সংক্রান্ত অর্থছাড় ৫ মাস দেরী হওয়ায় ADP বাস্তবায়ন আশানুরূপ হয়নি। কার্যক্রম ৩.৩ [বিল পরিশোধের ক্ষেত্রে ৫০% বিল ২ সপ্তাহের মধ্যে, ৭৫% বিল ৩ সপ্তাহের মধ্যে পরিশোধ করণ] এর ৩য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা ১টি এর বিপরীতে কোন অর্জন নেই। এ বিষয়ে জানতে চাওয়া হলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, লক্ষ্যমাত্রাটি ADP বাস্তবায়নের সাথে সম্পর্কিত। অর্থ প্রাপ্তি সাপেক্ষে আংশিক বিল পরিশোধিত হয়েছে। বিগত ত্রৈমাসিকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিল পরিশোধ করা না গেলেও ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ [বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন] এবং কার্যক্রম ৩.৩ [বিল পরিশোধের ক্ষেত্রে ৫০% বিল ২ সপ্তাহের মধ্যে, ৭৫% বিল ৩ সপ্তাহের মধ্যে পরিশোধ করণ] এর চতুর্থ ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক /শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি |
| | ঙ. NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৪ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৪ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নকল্পে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, চেয়ারম্যান, বিআরটিসি, |
| | চ. এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (এনআইএস ও এপিএ) সভাকে অবহিত করেন যে, আগামী ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নে ক্রম-৩ এর শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম নির্ধারণে প্রসেসধর্মী কার্যক্রম নির্ধারণ না করে ফলাফল ভিত্তিক কার্যক্রম নির্ধারণ করতে হবে। | (১) NIS কর্মপরিকল্পনার [৩] ক্রমিকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ফলাফল ভিত্তিক হতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহীত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, চেয়ারম্যান, বিআরটিএ/ বিআরটিসি, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | (২) সকল দপ্তর/সংস্থা কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় কর্মতৎপরতা অব্যাহত রাখতে হবে। | |

৩.০ সভাপতির সমাপনী বক্তব্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসারে বাস্তবায়নাধীন কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে বাস্তবায়নে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে তাগিদ দেয়া হয়। বিগত বছরগুলোর ধারাবাহিকতা বজায় রেখে ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্মপরিকল্পনা অনুসারে লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৩/৪/২০২২
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০৮.২১-৪১

তারিখ : ২১ চৈত্র, ১৪২৮ / ০৪ এপ্রিল, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

০৪.০৪.২০২২
(মুহাম্মদ আব্দুর রাহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd